# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৫২

১/ বিবিধ

আরবী

لما نزل عليه الوحي بحراء مكث أياما لا يرى جبريل، فحزن حزنا شديدا حتى كان يغدوإلى (ثبير) مرة، وإلى (حراء) مرة، يريد أن يلقي بنفسه منه، فبينا هو كذلك عامدا لبعض تلك الجبال، إذ سمع صوتا من السماء فوقف صعقا للصوت، ثم رفع رأسه فإذا جبريل على كرسي بين السماء والأرض متربعا عليه يقول: يا محمد أنت رسول الله حقا، وأنا جبريل، قال: فانصرف رسول الله صلى الله عليه وسلم وقد أقر الله عينه، وربط جأشه

ضعيف

رواه ابن سعد في " الطبقات " (1/1/130 ـ 131) : أخبرنا محمد بن عمر؛ قال: حدثني إبراهيم بن محمد بن أبي موسى عن داود بن الحصين عن أبي غطفان بن طريف عن ابن عباس أن رسول الله صلى الله عليه وسلم لما نزل الوحي.. إلخ

قلت: وهذا سند واه جدا، محمد بن عمر هو الواقدي وهو متهم بالكذب على علمه بالمغازي والسير (1) ، وشيخه إبراهيم بن محمد بن أبي موسى لم أعرفه، ولكني أظن أن جده أبي موسى محرف من أبي يحيى، فإن كان كذلك فهو معروف ولكن بالكذب، وهو إبراهيم بن محمد بن أبي يحيى الأسلمي أبو إسحاق المدني، كذبه جماعة ويرجح أنه هو؛ كونه من هذه الطبقة وكون الواقدي الراوي عنه أسلميا مدنيا أيضا، وقد قال النسائي في آخر كتابه " الضعفاء والمتروكون " (ص 57)

" والكذابون المعروفون بوضع الحديث على رسول الله صلى الله عليه وسلم أربعة
ابن أبي يحيى بالمدينة
والواقدي ببغداد
ومقاتل بن سليمان بخراسان
ومحمد بن سعيد بالشام، يعرف بالمصلوب
فهذا الإسناد من أسقط إسناد في الدنيا، ولكن قد جاء الحديث من طريق أخرى من حديث عائشة في صحيح البخاري وغيره، بيد أن له علة خفية، فلابد من بيانها
فأخرجه ابن حبان في " صحيحه " (رقم 22 - ترتيب الفارسي) من طريق ابن أبي السري
حدثنا عبد الرزاق: أنبأنا معمر عن الزهري: أخبرني عروة بن الزبير عن عائشة قالت: أول ما بدىء برسول الله صلى الله عليه وسلم من الوحي الرؤيا الصادقة يراها في النوم فكان لا يرى رؤيا إلا جاءت مثل فلق الصبح، ثم حبب له الخلاء، فكان يأتي حراء فيتحنث فيه ... حتى فَجَأَهُ الحق وهو في غار حراء، فجاءه الملك فيه فقال: اقرأ، قال رسول الله صلى الله عليه وسلم: فقلت: ما أنا بقارىء ... الحديث إلى قوله: قال (يعني ورقة) : نعم لم يأت أحد قط بما جئت به إلا عودي، وإن يدركني يومك أنصرك نصرا مؤزرا، ثم لم ينشب ورقة أن توفي وفتر الوحي فترة، وزاد
حتى حزن رسول الله صلى الله عليه وسلم حزنا غدا منه مرارا لكي يتردى من رؤوس شواهق الجبال، فلما أوفى بذروة جبل كي يلقي نفسه منها تبدى له جبريل، فقال له جبريل، فقال له: يا محمد! إنك رسول الله حقا، فيسكن
لذلك جأشه وتقر نفسه فيرجع، فإذا طال عليه فترة الوحي غدا لمثل ذلك، فإذا أوفى بذروة الجبل تبدى له جبريل، فيقول له مثل ذلك
وابن أبي السري هو محمد بن المتوكل وهو ضعيف حتى اتهمه بعضهم، وقد خولف في إسناده فقال الإمام أحمد في " مسنده " (6/232 - 233) : حدثنا عبد الرزاق به إلا أنه قال

حتى حزن رسول الله صلى الله عليه وسلم فيما بلغنا خزنا غدا منه.. إلخ، فزاد هنا في قصة التردي قوله
" فيما بلغنا
وهكذا أخرجه البخاري في أول " التعبير " من " صحيحه " (12/311 ـ 317)
منطريق عبد الله بن محمد وهو أبو بكر بن أبي شيبة: حدثنا عبد الرزاق به بهذه الزيادة، وأخرجه مسلم (1/97 ـ 98) من طريق محمد بن رافع: حدثنا عبد الرزاق به، إلا أنه لم يسق لفظه، وإنما أحال فيه على لفظ قبله من رواية يونس عن ابن شهاب، وليس فيه عنده قصة التردي مطلقا، وهذه الرواية عند البخاري أيضا في " التفسير " (8/549 ـ 554) ليس فيها القصة، فعزوالحافظ ابن كثير في تفسيره الحديث بهذه الزيادة للشيخين فيه نظر بين، نعم قد جاءت القصة في الرواية
المذكورة عند أبي عوانة في " مستخرجه " (1/110 ـ 111) : حدثنا يونس بن عبد الأعلى قال: أنبأنا ابن وهب قال: أخبرني يونس بن يزيد به، وفيه قوله
" فيما بلغنا "، فهذه الرواية مثل رواية أحمد وابن أبي شيبة عن عبد الرزاق تؤكد أن إسقاط ابن أبي السري من الحديث قوله: " فيما بلغنا " خطأ منه ترتب عليه أن اندرجت القصة في رواية الزهري عن عائشة، فصارت بذلك موصولة، وهي في حقيقة الأمر معضلة، لأنها من بلاغات الزهري، فلا تصح شاهدا لحديث الترجمة المذكورة أعلاه، قال الحافظ ابن حجر بعد أن بين أن هذه الزيادة خاصة برواية معمر، وفاته أنها في رواية يونس بن يزيد أيضا عند أبي عوانة، قال
ثم إن القائل: " فيما بلغنا " هو الزهري، ومعنى الكلام أن في جملة ما وصل إلينا من خبر رسول الله صلى الله عليه وسلم في هذه القصة، وهو من بلاغات الزهري، وليس موصولا، وقال الكرماني: هذا هو الظاهر ويحتمل أن يكون بلغه بالإسناد المذكور، ووقع عند ابن مردويه في " التفسير " من طريق محمد بن كثير عن معمر بإسقاط قوله: " فيما بلغنا "، ولفظه " فترة حزن النبي صلى الله عليه وسلم منها حزنا غدا منه " إلخ، فصار كله مدرجا على رواية الزهري وعن عروة عن عائشة، والأول هو المعتمد

وأشار إلى كلام الحافظ هذا الشيخ القسطلاني في شرحه على البخاري في " التفسير " واعتمده، ومحمد بن كثير هذا هو الصنعاني المصيصي قال الحافظ في " التقريب ": صدوق كثير الغلط
وأورده الذهبي في " الضعفاء " وقال: ضعفه أحمد
قلت: فمثله لا يحتج به، إذا لم يخالف، فكيف مع المخالفة، فكيف ومن خالفهم ثقتان عبد الرزاق ويونس بن يزيد، ومعهما زيادة؟
وخلاصة القول أن هذا الحديث ضعيف لا يصح لا عن ابن عباس ولا عن عائشة، ولذلك نبهت في تعليقي على كتابي " مختصر صحيح البخاري " (1/5) على أن بلاغ الزهري هذا ليس على شرط البخاري كي لا يغتر أحد من القراء بصحته لكونه في " الصحيح ". والله الموفق

বাংলা

১০৫২। যখন হেরা পর্বতে তার উপর অহী নাযিল হল, তখন তিনি কয়েকদিন হতে অপেক্ষা করছেন জিবরীলকে দেখছেন না। ফলে তিনি খুব চিন্তিত হয়ে পড়লেন। এমনকি একবার তিনি সাবীর পর্বতের দিকে সকালে যেতেন, আরেকবার হেরা পর্বতের দিকে যেতেন। এ প্রত্যাশায় যে, তার থেকে তাকে কিছু দেয়া হবে। এমতাবস্থায় অনুরূপভাবে তিনি কোন এক পর্বতের দিকে মনস্থির করছিলেন তখন আসমান হতে আওয়াব শুনতে পেলেন, তিনি প্রচণ্ড আওয়াযের কারণে দাঁড়িয়ে গেলেন। অতঃপর তার মাথা উঠালেন। জিবরীলকে আসমান ও যমীনের মধ্যে চার পা বিশিষ্ট এক বিশাল চেয়ারে দেখলেন তিনি বলতেছেনঃ হে মুহাম্মাদ আপনি সত্যিকারই আল্লাহর রসূল আর আমি জিবরীল। (বর্ণনাকারী) বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে আসলেন এমতাবস্থায় যে, আল্লাহ্ তা'আলা তাঁর চক্ষুকে শীতল করে দিয়েছেন এবং তাঁর দুশ্চিন্তা দূর হয়েছে।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু সা'য়াদ "আত-ত্ববাকাত" (১/১/১৩০-১৩১) গ্রন্থে মুহাম্মাদ ইবনু উমার হতে তিনি ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনে আবী মূসা হতে, তিনি দাউদ ইবনুল হুসায়ন হতে, তিনি আবূ গাতফান হতে, তিনি তুরায়েফ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। মুহাম্মাদ ইবনু উমার হচ্ছেন ওয়াকেদী। তিনি মিথ্যার দোষে দোষী। তার শাইখ ইবরাহীম ইবনু মুহাম্মাদকে আমি চিনি না। আমার ধারণা তার দাদা সম্ভবত আবু মূসা নন তিনি আবু ইয়াহইয়া। তিনি যদি তাই হন তাহলে তিনি পরিচিত তবে মিথ্যার সাথে। তিনি হচ্ছেন ইবরাহীম ইবনু

মুহাম্মাদ ইবনে আবী ইয়াহইয়া আলআসলামী আবূ ইসহাম আল-মাদানী। তাকে একদল মিথ্যুক আখ্যা দিয়েছেন। অগ্রাধিকারযোগ্য মত হচ্ছে এই যে, তিনিই হচ্ছেন এ সনদে। কারণ তার থেকে বর্ণনাকারী ওয়াকেদীও আসলামী মাদানী। ইমাম নাসাঈ তার “আয-যুয়াফা অল মাতরূকুন” গ্রন্থের (পৃঃ ৫৭) শেষে বলেছেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর হাদীস জালকারী প্রসিদ্ধ মিথ্যুকরা হচ্ছে চারজনঃ

১। মদীনায় ইবনু আবী ইয়াহইয়া।
২। বাগদাদে ওয়াকেদ্দী।
৩। খুরাসানে মুকাতিল ইবনু সুলায়মান।
৪। শামে মুহাম্মদ ইবনু সাঈদ (আল-মাসলূব নামে পরিচিত)।

এ সনদটি দুনিয়ার সর্বাপেক্ষা নিম্ন পর্যায়ের সনদ। কিন্তু হাদীসটি "সহীহ বুখারী" সহ অন্যান্য হাদীস গ্রন্থে আয়েশাহ (রাঃ) হতে অন্য সূত্রে বর্ণিত হয়েছে। এ আলোচ্য হাদীসটিতে লুক্কায়িত সমস্যা রয়েছে। ইবনু আবীস সারিউ সূত্রে ইবনু হিব্বান তার “সহীহ” গ্রন্থে বর্ণনা করেছেন। তবে ভাষায় ভিন্নতা রয়েছে। এ ইবনু আবীস সারিউ হচ্ছেন মুহাম্মাদ ইবনুল মুতাঅক্কিল। তিনি দুর্বল। এমনকি তাদের কেউ কেউ তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। তার সনদেও বিরোধিতা করা হয়েছে। ইমাম আহমাদ তার "মুসনাদ" (৬/২৩২-৩৩৩) গ্রন্থে বলেছেনঃ আমাদেরকে হাদীসটি আব্দুর রাযযাক বর্ণনা করেছেন। তবে তিনি বলেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চিন্তিত হয়ে পড়েন-যা আমাদের নিকট পৌঁছেছে। এ ঘটনায় বলা হয়েছেঃ “যা আমাদের নিকট পৌঁছেছে।”

এ ভাবেই ইমাম বুখারী তার “সহীহাহ” গ্রন্থে কিতাবুত তা’বীর অধ্যায়ের প্রথমে আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদের সূত্রে (আবু বকর ইবনু আবী শাইবাহ) আব্দুর রাযযাক হতে এ বর্ধিত অংশসহ বর্ণনা করেছেন। ইমাম মুসলিমও (১/৯৭-৯৮) মুহাম্মাদ ইবনু রাফে সূত্রে আব্দুর রাযযাক হতে বর্ণনা করেছেন। কিন্তু তার নিকট পাহাড়ের চূড়া হতে নীচে নামার ঘটনার উল্লেখ নেই। এ বর্ণনাটি ইমাম বুখারীর নিকট তাফসীর অধ্যায়ে এসেছে যাতে নীচে নামার ঘটনার বিবরণ নেই। অতএব পাহাড়ের নীচে নামার ঘটনাটি মওসূল নয়। এ ঘটনাটির প্রবেশ ঘটানো হয়েছে। অতএব বুখারী মুসলিমের বর্ণনা আলোচ্য হাদীসটির শাহেদ হওয়ার যোগ্য নয়।

মোটকথাঃ এ হাদীসটি দুর্বল। ইবনু আব্বাস ও আয়েশাহ (রাঃ) হতে সহীহ সূত্রে বর্ণিত হয়নি। এ কারণেই আমি "মুখতাসারু সহীহিল বুখারী" (১/৫) গ্রন্থের টীকায় এ বিষয়ে সতর্ক করেছি যে, যুহরী যে বলেছেনঃ "যা আমাদের নিকট পৌঁছেছে" এটি বুখারীর শর্তানুযায়ী নয়। যাতে কোন পাঠক সহীহার মধ্যে উল্লেখিত হওয়ায় ধোকায় না পড়ে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71931

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন